

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৩১

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় হাদীস যা অনভিজ্ঞ ব্যক্তিকে বাহ্যত এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের পূর্বে উল্লেখিত হাদীসসমূহের বিপরীত

ذِكْنُ خَبَرٍ ثَانٍ قَدْ يُوهِمُ فِي الظَّاهِرِ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْعِلْمِ أَنَّهُ مُضَادٌّ لِلْأَخْبَارِ الَّتِي تَقَدَّمَ ذَكْنُنَا لَهَا

আরবী

2631 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا أَبُو داود قال: حدثنا أبو حرة عن الحسنعن سَعْدِ بْنِ هِشَامٍ الْأَنْصَارِيِّ: أَنَّهُ سَأَلَ عَلَيْهِ عَنْ صَلَاةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَاللَّيْلِ فَقَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى اللَّهُ عَلَيْهِ فَيَقُومُ فَيَسَوَّكُ وَيَتَجَوَّزُ بِرَكْعَتَيْنِ ثُمَّ يَقُومُ فيصلي ثمان ركعات يسوي بينهن في القراءة ثُمَّ يُوتِرُ بِالتَّاسِعَةِ وَيُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ فَلَمَّا أَسَنَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم وَأَخذ اللحم جعل الثمان ستا ويوتر بالسَّابِعَةِ وَيُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ يَقْرُأُ فِيهِمَا: {قل يا أيها الكافرون} [الكافرون: 1] و {إذا زلزلت} [الزلزلة: 1]. جَالِسٌ يَقْرُأُ فِيهِمَا: {قل يا أيها الكافرون} [الكافرون: 1] و {إذا زلزلت} [الزلزلة: 1]. الراوي: سَعْد بْن هِشَامٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1621 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1621 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

أَبُو حُرَّةَ: اسْمُهُ وَاصِلُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ.

বাংলা

২৬৩১. সা'দ বিন হিশাম থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রাতের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়া সাল্লাম যখন ইশার সালাত আদায় করতেন, তখন সংক্ষেপে দুই রাকা'আত সালাত আদায় করতেন। তারপর তিনি ঘুমিয়ে যেতেন আর তাঁর মাথার কাছে ওযূর পানি ও মিসওয়াক থাকতো। তারপর তিনি ঘুম থেকে উঠে মিসওয়াক করতেন এবং ওয়ু করতেন অতঃপর সংক্ষেপে দুই রাকা'আত সালাত আদায় করতেন। তারপর তিনি দাঁড়িয়ে আট রাকা'আত সালাত আদায় করতেন। এগুলিতে তিনি সমান পরিমাণ কিরাআত করতেন। তারপর তিনি নবম রাকা'আতের মাধ্যমে বিতর করতেন। অতঃপর বসে দুই রাকা'আত সালাত আদায় করতেন। তারপর যখন তিনি বয়োঃবৃদ্ধ হন এবং শরীর ভারী হয়ে যায়, তখন আট রাকা'আতের স্থলে ছয় রাকা'আত সালাত আদায় করেন এবং সপ্তম রাকা'আতের মাধ্যমে বিতর করতেন। তারপর তিনি বসে দুই রাকা'আত সালাত পড়তেন, তাতে তিনি يُلُ يَا أَيْهَا الكَافُرُونَ (বলুন, হে কাফিরগণ। সূরা কাফিরন: ১) ও يَا رُلِالَت وَلَا رَلِيْلِات وَلَا رَلِيْلِات وَلَا الكَافُرُون (যখন পৃথিবী প্রকম্পিত হবে। -সূরা যিল্যাল: ১) পড়তেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আবৃ হুর্রার নাম ওয়াসিল বিন আব্দুর রহমান।"

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১০৪; আবু দাউদ: ১৩৫২; নাসাঈ: ৩/২২০-২২১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ ইবন হিশাম (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন